রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মার্চ ৩, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**সিটি কর্পোরেশন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ ফেব্রুয়ারি ২০২০/০৫ ফাল্গুন ১৪২৬

নং ৪৬.০০.০০০০.০৭১.২২.০১৭.১৯-১৩৭।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সালের ৬০ নম্বর আইন) এর ৪৭ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার রাজশাহী সিটি কর্পোরেশনের দৈনন্দিন এবং সেবামূলক কার্যক্রম যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে সিটি কর্পোরেশনের আওতাধীন বিদ্যমান ৩০ (ত্রিশ)টি ওয়ার্ডকে নিম্নোক্ত ৪ (চার)টি অঞ্চলে বিভক্ত করিল :

(১) রাজশাহী সিটি কর্পোরেশনের অঞ্চলসমূহ নিম্নরূপ হইবে :

| অঞ্চল | অঞ্চলভুক্ত ওয়ার্ডসমূহ |
|---|---|
| পূর্ব অঞ্চল | ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯ ও ৩০ |
| পশ্চিম অঞ্চল | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ |
| উত্তর অঞ্চল | ১৪, ১৫, ১৬, ১৭, ১৮ ও ১৯ |
| মধ্য অঞ্চল | ৯, ১০, ১১, ১২, ১৩, ২০, ২১, ২২ ও ২৩ |

(২) রাজশাহী সিটি কর্পোরেশনের উক্ত অঞ্চলসমূহের প্রতিটিতে নিম্নোক্ত কার্যক্রম অর্ন্তভুক্ত হইবে :

| | | |
|---|---|---|
| (ক) সাধারণ প্রশাসন | : | প্রশাসনিক কাজ<br>হিসাবরক্ষণ (কর্মচারীদের বেতন, অফিস পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ব্যয়)<br>অঞ্চলের যানবাহন নিয়ন্ত্রণ<br>সমাজকল্যাণ (কমিউনিটি সেন্টার, পার্ক, পাঠাগার, জিমনেশিয়াম, পাবলিক টয়লেট, শিশুকেন্দ্র, কবরস্থান, শ্মশানঘাট ব্যবস্থাপনা ইত্যাদি) |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (খ) প্রকৌশল (পুর) | : | পূর্তকাজসমূহ ও রক্ষণাবেক্ষণ |
| (গ) প্রকৌশল (বিদ্যুৎ) | | বৈদ্যুতিক কাজসমূহ ও রক্ষণাবেক্ষণ |
| (ঘ) স্বাস্থ্য বিভাগ | : | প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি<br>দাতব্য চিকিৎসালয় ব্যবস্থাপনা<br>ভেজাল খাদ্য নিয়ন্ত্রণ<br>স্যানিটেশন<br>ভেটেরিনারি কার্যক্রম<br>জবাইখানা ব্যবস্থাপনা<br>জন্ম-মৃত্যু নিবন্ধন, মশক নিয়ন্ত্রণ, ইত্যাদি |
| (ঙ) বর্জ্য ব্যবস্থাপনা | : | বর্জ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা<br>স্যানিটারি ল্যান্ডফিলিং<br>ডাম্পিং গ্রাউন্ড রক্ষণাবেক্ষণ, ইত্যাদি |
| (চ) রাজস্ব | : | গৃহকর নির্ধারণ ও আদায়<br>লাইসেন্স প্রদান ও ফিস আদায়<br>বিজ্ঞাপন, ইত্যাদি |
| (ছ) বস্তি উন্নয়ন | : | ভৌত অবকাঠামো উন্নয়ন, পানীয় জল ও স্যানিটেশন ব্যবস্থা<br>আর্থসামাজিক ব্যবস্থার উন্নয়ন<br>আত্মকর্মসংস্থানে সহায়তা প্রদান, উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ, ইত্যাদি |

(৩) ইহা বাস্তবায়নের লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশন অবিলম্বে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এমদাদুল হক চৌধুরী**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd